

ত্রিপুরা সরকার
তথ্য ও সংস্কৃতি অধিকার

স-৪৬৩

করবুক, ১৯ জুন, ২০২৪

**করবুকে নিম্নীমান একলব্য মডেল রেসিডেন্সিয়াল
বিদ্যালয় পরিদর্শনে জনজাতি কল্যাণমন্ত্রী**

জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা আজ করবুক মহকুমা সদরে নিম্নীমান একলব্য মডেল রেসিডেন্সিয়াল বিদ্যালয়টি পরিদর্শন করেন। এই বিদ্যালয়টি নির্মাণে ব্যয় হবে ৪৮ কোটি টাকা। জনজাতি কল্যাণমন্ত্রী নিম্নীমান বিদ্যালয়ের কিচেন, ছাত্রাবাস, ছাত্রী নিবাস ও সায়েন্স ল্যাবরেটরি পরিদর্শন করেন। নিম্নীমান বিদ্যালয়ের কাজের অগ্রগতিতে জনজাতি কল্যাণমন্ত্রী সন্তোষ প্রকাশ করেন এবং নির্দিষ্ট সময়ের মধ্যে বিদ্যালয়ের নির্মাণকাজ শেষ করার জন্য সংশ্লিষ্ট আধিকারিকদের নির্দেশ দেন। বিদ্যালয় পরিদর্শনের সময় জনজাতি কল্যাণমন্ত্রীর সাথে ছিলেন বিধায়ক সঞ্জয় মানিক ত্রিপুরা, মহকুমা শাসক পার্থ দাস, করবুক ব্লকের বিডিও দিব্যেন্দু দাস এবং জনজাতি কল্যাণ ও মহকুমার বিভিন্ন কার্যালয়ের আধিকারিকগণ। জনজাতি কল্যাণমন্ত্রী বিকাশ দেববর্মা এদিন করবুক মহকুমার পাঞ্জিহাম দ্বাদশ শ্রেণী বিদ্যালয়ের ছাত্রী নিবাস পরিদর্শন করেন এবং ছাত্রী নিবাসটির প্রয়োজনীয় সংস্কারের জন্য উদ্যোগ নিতে আধিকারিকদের নির্দেশ দেন।
